

নং- ৩৬.০৯.০০০০.০০১.১৮.০০৮.১৮/সাপ: ২১

তারিখঃ ০৯/০৯/২০১৯ খ্রি.

বিষয়: ক্ষেত্র (Scope) সহ এ্যাক্রেডিটেশন সনদ স্থগিতকরণ (Suspension) প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)-এর লোগো আপনার প্যাড, বিভিন্ন কর্মকর্তাদের ভিজিটিং কার্ডে এমনকি আপনার প্রতিষ্ঠানের মূল ফটকে লাগানো সাইনবোর্ডে বিএবি'র লোগো যাচ্ছেতাইভাবে ব্যবহার করেছেন, যা নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ০৬/০৯/২০১৯ খ্রি. তারিখে আপনার প্রতিষ্ঠান পরিদর্শনে প্রমাণিত হয়েছে। এতে অত্র প্রতিষ্ঠানের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ণ হয়েছে।

গত ০৩/০৯/২০১৯ খ্রি. তারিখে এ বিষয়ে আপনাকে কারন দর্শানোর জন্য বলা হলে আপনি ০৮/০৯/২০১৯ তারিখে যে জবাব দাখিল করেছেন তা কোনক্রমেই সন্তোষজনক/গ্রহণযোগ্য নয়।

সার্বিক বিবেচনান্তে আপনার প্রতিষ্ঠানের অনুকূলে বিএবি কর্তৃক ইস্যুকৃত এ্যাক্রেডিটেশন সনদ (ক্ষেত্রসহ) সাময়িকভাবে স্থগিত (Suspension) করা হ'ল।

এ আদেশ অদ্য ০৯/০৯/২০১৯ খ্রি. তারিখ হতে কার্যকর হবে।

মোঃ মনোয়ারুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৯৫১৩২২১

ব্যবস্থাপনা পরিচালক
Lub-rref (Bangladesh) Ltd.
বুপায়ন ট্রেড সেন্টার, লেভেল-৭
১১৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ
ঢাকা।

বিতরণ: সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। পরিচালক (ভারপ্রাপ্ত), বিএবি;

০২। কেস অফিসার, Lub-rref (Bangladesh) Ltd.;

০৩। হিসাব শাখা, বিএবি;

০৪। সহকারী পরিচালক (আইসিটি), বিএবি; [পত্রটি বিএবি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল]

০৫। সংশ্লিষ্ট নথি;

০৬। অফিস কপি।

D:\Salahia\New276\Office Order.doc

শিল্প মন্ত্রণালয় ভবন (৬ষ্ঠ তলা) ৯১, মতিঝিল বা/এ ঢাকা। ফোন : ৯৫১৩২২১ ফ্যাক্স: ৯৫১৩২২২

E-mail: dg@bab.org.bd, Web: www.bab.org.bd